

শিক্ষক কর্মচারী ঐক্য পরিষদের গণঅনশনের ডাক

যায়যায়দিন রিপোর্ট

চাকরি আত্মীয়করণের দাবিতে গণঅনশনের ডাক দিয়েছে এমপিওভুক্ত স্কুল, কলেজ ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বিভিন্ন সংগঠনের যোচ্চা বাংলাদেশ শিক্ষক-কর্মচারী ঐক্য পরিষদ। আগামী ১১ জুলাই সারাদেশে এবং একই দিন জাতীয় শ্রেসত্রের সায়েনে এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীরা গণঅনশন পালন করবেন। যোববার ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে সংবাদ সম্মেলন করে সংগঠনটি এ কর্মসূচি ঘোষণা করে। আগামী ১৮ জুলাই কেন্দ্রীয় কমিটি ও জেলা প্রতিনিধিদের সঙ্গে সভাবিনিময় সভা থেকে আরো কঠোর কর্মসূচি নেয়া হবে বলে জানানো হয়।

লিখিত বক্তব্যে জানানো হয়- বেসরকারি-ব্যবস্থাপনায় এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের দিগে দেশের ৮০ ডাল শিক্ষা পরিচালিত হয়। ঐনব প্রতিষ্ঠানের শিক্ষকরা মাসিক ১০০ টাকা বাড়িভাড়া, ১৫০ টাকা চিকিৎসা ভাতা, সাতা চাকরি জীবনে একটি মাত্র ইনক্রিমেন্ট, বেতন স্কেলের ২৫ শতাংশ উৎসব ভাতা পান। সরকারি বেসরকারি পর্যায়ে একই সিলেবাস-কারিকুলাম, একই একাডেমিক সমসূচি, প্রশ্নপত্র প্রময়ন ও উত্তরপত্র মূল্যায়নের কাজ করলেও আর্থিক সুবিধার ক্ষেত্রে বিরাট বৈষন্য রয়েছে বলে সংবাদ সম্মেলনে জানানো হয়।

শিক্ষক নেতারা বলেন, শিক্ষামন্ত্রীর সঙ্গে বৈঠক করে ১৭ দফা দাবি জানিয়েছি। সারাদেশের জেলা প্রশাসকের মাধ্যমে প্রধানমন্ত্রীর কাছে দাবি বাস্তবায়নে স্মারকলিপি দিয়েছি। প্রস্তাবিত রাজস্বে দাবি বাস্তবায়নে সূক্ষ্ট বরাদ্দ না থাকায় শিক্ষক-কর্মচারীরা এ গণঅনশনের ডাক দিয়েছেন।